SL- 5556 I- 5593 / 2014

भारतीय गैर न्यायिक INDIA NON JUDICIAL

रु.5000 Rs.5000

पाँच हज़ार रुपये FIVE THOUSAND RUPEES

INDIA

পশ্চিমবঙ্গ पश्चिम बंगाल WEST BENGAL

G 284626

Certified that this document is admitted to registration. The signature sheet and the endorsement sheets attached here with are the parts of this document.

Registration Act

11 JUL 2014

# বিনিময় পত্র

জেলা – পশ্চিম মেদিনীপুর, থানা – মেদিনীপুর, মৌজা – বিবিগঞ্জ, জে.এল.নং– ১৮০, মেদিনীপুর মিউনিসিপ্যালিটীর ১৪ (নতুন) ওয়ার্ড ও ১৩ (পুরাতন) ওয়ার্ডভুক্ত, হোল্ডিং নং – ৮৮/৪০৫, রিভিসন্যাল জরীপের খতিয়ান নং – ১০৪৮, এল.আর. জরীপের খতিয়ান নং – ১২৪৯, ১৪৩৬, ১৩৪১, ৮৩০, ও ২৩২৭, রিভিজন্যাল জরীপের দাগ নং – ৪৯৫. এল.আর. জরীপের দাগ নং – ৬২৭, পরিমাণ – ০.১১৫০ একর মধ্যে ২/৯ অংশে ০.০২৫৫ একর, রিভিসন্যাল জরীপের দাগ নং – ৪৯৬, এল.আর. জরীপের দাগ নং – ৬২৯, পরিমাণ – ০.০৮০০ একর মধ্যে ২/৯ অংশে ০.০১৭৮ একর, মোট দুইটি দাগে ০.০৪৩৩ একর বা ১৮৮৭.৪২ বর্গফুট জমি মায় তদুপরিস্থিত পুরাতন বাড়ীর অংশ ৫৫৫.৭২ বর্গফুট পরিমিত পোক্তা গৃহ দি সহ বিনিময় কৃত সম্পত্তি যাহা "ক" তপশীল বলিয়া নিম্নে বর্ণিত হইল। মূল্য ঃ– ১৫,০০,০০০.০০ টাকা।
সরকারী মূল্য ঃ– ১৫,৯৮,১২৫.০০ টাকা।

Scanned with OKEN Scanner

এবং

জেলা – পশ্চিম মেদিনীপুর, থানা – মেদিনীপুর, মৌজা – নবীনাবাগ বড়বাজার, জে.এল.নং–১৮৫, মেদিনীপুর মিউনিসিপ্যালিটীর অন্তর্গত ওয়ার্ড নং – ১০ (নতুন), ৯ (পুরাতন), Amalgamated, হোল্ডিং নং – ৯২/৮৪ (শিববাজার), আর.এস. খতিয়ান নং – ১৪০, এল.আর. খতিয়ান নং – ৭৩২/১, বর্তমান এল.আর. খতিয়ান নং – ১৮২৭, আর.এস. দাগ নং – ৯৭০, এল.আর. দাগ নং – ১৫৬৬, নিরূপণ পত্র দলিল মূলে পরিমাণ ০.১১০০ একর, এল.আর. রেকর্ড মূলে পরিমাণ – ০.১০৩০ একর, আর.এস. দাগ নং – ৯৭১, এল.আর. দাগ নং – ১৫৬৭, পরিমাণ – ০.০২২৫ একর, আর.এস. দাগ নং – ৯৬৯, এল.আর. দাগ নং – ১৫৬৫, পরিমাণ – ০.০০২২ একর, আর.এস. খতিয়ান নং – ১৪০, এল.আর. খতিয়ান নং – ২৮২, আর.এস. দাগ নং – ৯৬৯, এল.আর. দাগ নং – ১৫৬৫, পরিমাণ – (০.০২৬৬ একর + ০.০২৬৬ একর) = ০.০৫৩২ একর, আর.এস. খতিয়ান নং – ১৪০, এল.আর. খতিয়ান নং – ২৮২, আর.এস. দাগ নং – ৯৬৮, এল.আর. দাগ নং – ১৫৬৪, পরিমাণ – (০.০০৬৯ একর + ০.০০৭২ একর) = ০.০১৪১ একর, মোট পরিমাণ ০.১৯৫০ একর বা ৮৪৯৪.২০ বর্গফুট তদুপরিস্থিত বেসমেন্ট, পাঁচ তলা বিশিষ্ট এবং প্রস্তাবিত ছয় তলা পোক্তা রেসিডেন্সিয়াল ফ্ল্যাট পারিজাত এ্যাপার্টমেন্ট নামিত বিল্ডিং যাহা সিমপার্ক কনস্ট্রাকশান দ্বারা নির্মিত এ্যাপার্টমেন্ট – ইহার মধ্যে পাঁচ তলায় ফ্ল্যাট নং – ৪,

সুপার বিল্ট এরিয়া – ৭৮০.০০ বর্গফুট। কভার এরিয়া – ৬৫০.০০ বর্গফুট। আনুপাতিক জমির পরিমাণ ৭৮০ x ৮৪৯৪২ / ৩৪০০০ = ১৯৪.৮৬ বর্গফুট বা ০.০০৪৫ একর। ইহার মূল্য ঃ– ১৫,০০,০০০.০০ টাকা।

সরকারী মূল্য ঃ– ১৭,৭৯,৩৭৫.০০ টাকা।

Uttam Kr. Pramanick Shuvam Kumar Pramanick


Kalyani Mondal

Shrabani Sarkar

Scanned with OKEN Scanner

NON JUDICIAL







## শ্রীমতী শ্রাবণী সরকার,

স্বামী – শ্রী দীপঙ্কর সরকার, ধর্ম – হিন্দু, পেশা – গৃহকর্মাদি,

সাকিন – চৌধুরী পুকুর লেন, চিড়িমারসাই, মেদিনীপুর শহর,

থানা, পোষ্ট অফিস, মিউনিসিপ্যালিটী অফিস ও সাবরেজিষ্ট্রী অফিস – মেদিনীপুর,

জেলা – পশ্চিম মেদিনীপুর। ভারতীয় নাগরিক।

**PAN No. : FBYPS2014G**

প্রথম পক্ষ।

## ১। শ্রীমতী কল্যাণী মন্ডল,

পার্টনার, SIMPARK CONSTRUCTION,

স্বামী – শ্রী অশোক কুমার মন্ডল, ধর্ম – হিন্দু, পেশা – ব্যবসাদি,

সাকিন – খাপ্রেল বাজার, মেদিনীপুর শহর,

থানা, শহর, পোষ্ট অফিস, মিউনিসিপ্যালিটী অফিস ও

এ.ডি.এস.আর. অফিস – মেদিনীপুর,

জেলা – পশ্চিম মেদিনীপুর। ভারতীয় নাগরিক।

**PAN No. : AKDPM1602R.**

Scanned with OKEN Scanner







## ২। শ্রী উত্তম কুমার প্রামানিক,

পার্টনার, SIMPARK CONSTRUCTION,

পিতা – ৺গুরুদয়াল প্রামানিক, ধর্ম – হিন্দু, পেশা – ব্যবসাদি,

সাকিন – নিত্যানন্দপুর, পোষ্ট – কেশেডাল, থানা – চন্দ্রকোণা টাউন,

জেলা – পশ্চিম মেদিনীপুর। ভারতীয় নাগরিক।

**PAN No. : AQLPP2145E.**

## ৩। শ্রী গৌতম কুমার প্রামানিক,

পার্টনার, SIMPARK CONSTRUCTION,

পিতা – ৺গুরুদয়াল প্রামানিক, ধর্ম – হিন্দু, পেশা – ব্যবসাদি,

সাকিন – নিত্যানন্দপুর, পোষ্ট – কেশেডাল, থানা – চন্দ্রকোণা টাউন,

জেলা – পশ্চিম মেদিনীপুর। ভারতীয় নাগরিক।

**PAN No. : CMUPP7817E.**

দ্বিতীয় পক্ষগণ।

ক্রমঃ বিনিময় পত্র দলিল কার্যকালে।

নিম্নের "ক" তপশীল বর্ণিত সম্পত্তি প্রথম পক্ষ দীপঙ্কর সরকারের স্বত্ত্বীয় দখলী সম্পত্তি হইতেছে। উক্ত সম্পত্তি আরো অন্যান্য সম্পত্তি জনৈক কালীকৃষ্ণ মজুমদার ও বিজন কৃষ্ণ মজুমদারগণের স্বত্ত্বীয় দখলী সম্পত্তি ছিল। উক্ত সম্পত্তিতে তাঁহারা স্বত্ত্বদখল পরিচালনা করিয়া আসিতে থাকাকালীন গত ইংরাজী ০৯।১১।১৯৫৩ তারিখের সম্পাদিত ও রেজিষ্ট্রীকৃত ৬৮৮২ নং বিক্রয় কোবালা দলিল মূলে উক্ত সম্পত্তির মধ্যে ৪৯৫ নং দাগে ১২ ডেসিমেল সম্পত্তি অধুনা মৃত সতেন্দ্রনাথ সরকার মহাশয়কে বিক্রয় করিয়া দেন এবং ঐ একই দিনে অর্থাৎ ইংরাজী ০৯।১১।১৯৫৩ তারিখের সম্পাদিত ও রেজিষ্ট্রীকৃত ৬৮৮১ নং বিক্রয় কোবালা দলিল মূলে আর.এস. ৪৯৬ নং দাগে ০.০৮০০ একর সম্পত্তি উক্ত কালীকৃষ্ণ মজুমদার ও বিজনকৃষ্ণ মজুমদার মহাশয়গণ অধুনামৃত সতেন্দ্রনাথ সরকার মহাশয়কে বিক্রয় করিয়া দিলে পর সত্যেন্দ্রনাথ সরকার মহাশয় উক্ত দুইটি দাগে মোট ২০ ডেসিমেল সম্পত্তি ক্রয় করিলেও গত রিভিসন্যাল জরীপে সতেন্দ্রনাথ সরকারের নামিত ৪৯৫ নং দাগে ০.১৫৫০ একর এবং ৪৯৬ নং দাগে ০.০৮২০ একর পরিমিত সম্পত্তি রেকর্ড লিপিবদ্ধ হয় ও তাহা চূড়ান্তভাবে প্রচারিত হয়। যদিও উক্ত সত্যেন্দ্রনাথ সরকার মহাশয় গত ইংরাজী ০৯।১১।১৯৫৩ তারিখের রেজিষ্ট্রীকৃত ৬৮৮১ নং বিক্রয় কোবালা দলিল মূলে ৪৯৬ নং দাগে ০.০৮০০ একর সম্পত্তি খরিদ করিয়াছিলেন তথাপি আর.এস. রেকর্ডে উক্ত দাগে জমির পরিমাণ ভ্রমক্রমে ০.০৮২০ একর রেকর্ড লিপিবদ্ধ হইয়াছে ও তাহা চূড়ান্তভাবে প্রচারিত হয়। উক্ত সম্পত্তিতে তিনি সন সন ধার্য্য

Kalyani Mondal Uttam Kr. Pramanick Gautam Kumar Pramanick

Shrabani Sarkar

Scanned with OKEN Scanner

খাজনা ও ট্যাক্স আদি আদায় দিয়া ও স্বত্বদখল পরিচালনা করিতে থাকাকালীন গত ইংরাজী ০৯।০৪।১৯৮২ তারিখে পরলোক গমন করিলে পর উক্ত সম্পত্তিতে তাঁহার স্ত্রী শ্রীমতী শান্তিলতা সরকার, এক পুত্র রবীন্দ্র কুমার সরকার ও দুই কন্যা শ্রীমতী রেখা সরকার ও শ্রীমতী পারুল ঘোষ হিন্দু উত্তরাধিকারী আইন অনুযায়ী ওয়ারীশ হইয়া তাঁহার স্থলে স্থলাভিষিক্ত হইয়া উক্ত সম্পত্তিতে যৌথভাবে স্বত্বদখল পরিচালনা করিতে থাকেন ও সন সন ধার্য্য খাজনা ও ট্যাক্স আদি আদায় দিয়া আসিতে থাকাকালীন গত ইংরাজী ১৪।০৯।১৯৮৮ তারিখে শ্রীমতী শান্তিলতা সরকার পরলোক গমন করেন। পরবর্তীকালে ইংরাজী ২৬।০১।১৯৯৬ তারিখে রবীন্দ্র কুমার সরকার পরলোক গমন করিলে পর তাঁহার স্ত্রী শ্রীমতী গীতা সরকার, এক কন্যা শ্রীমতী পারমিতা বসু এবং এক পুত্র শ্রী দীপঙ্কর সরকার হিন্দু উত্তরাধিকারী আইন অনুযায়ী তাঁহার স্থলে স্থলাভিষিক্ত হইয়া অপর শরীকগণের সহিত এজমালীতে ও যৌথভাবে স্বত্বদখল পরিচালনা করিতে থাকেন ও সন সন ধার্য্য খাজনা ও ট্যাক্স আদি আদায় দিয়া আসিতে থাকেন। শ্রীমতী রেখা সরকার গত ইংরাজী ০৮।০৮।২০০৩ তারিখে পরলোক গমনকরিলে পর তাঁহার তিন পুত্র শ্রী অশোক কুমার সরকার, শ্রী প্রদীপ কুমার সরকার ও শ্রী দেবাশীষ সরকার তাঁহার স্থলে স্থলাভিষিক্ত হইয়া অপর শরীকগণের সহিত এজমালীতে ও যৌথভাবে উক্ত সম্পত্তির স্বত্বদখল পরিচালনা করিতে থাকেন ও সন সন ধার্য্য খাজনা ও ট্যাক্স আদি আদায় দিতে থাকেন। প্রকাশ থাকে যে, উক্ত শ্রীমতী রেখা সরকারের স্বামী সুভাষ সরকার গত ইংরাজী ১১।০২।২০১৩ তারিখে পরলোক গমন করেন। অতঃপর অত্র বিনিময় দলিলের প্রথম পক্ষের স্বামী শ্রী

Kalyani Mondal Uttam Kr Pramanick Gautam Kumar Pramanick

Shibani Sarkar

Scanned with OKEN Scanner

দীপঙ্কর সরকার, শ্রীমতী পারুল ঘোষ, শ্রীমতী গীতা সরকার, শ্রীমতী পারমিতা বসু উক্ত সম্পত্তিতে যৌথভাবে স্বত্ত্বদখল পরিচালনা করিতে থাকাকালীন গত ইংরাজী ০৫ ।১০ ।২০১২ তারিখের সম্পাদিত ও রেজিষ্ট্রীকৃত ৩৪৭৪ নং দানপত্র দলিল মূলে উক্ত সম্পত্তিতে শ্রীমতী পারুল ঘোষ -এর অবিভক্ত ১/৩ অংশ সম্পত্তি শ্রী দীপঙ্কর সরকারের বরাবর দান করিয়া দিয়া তাহাতে নিঃস্বত্ত্ববতী হয়েন। প্রকাশ থাকে যে, উক্ত সম্পত্তিতে শ্রীমতী পারুল ঘোষ-এর অবিভক্ত ১/৩ অংশের পরিমাণ ০.০৬৫৭ একর হইলেও ভ্রমক্রমে তিনি ০.০৬৬৭ একর পরিমিত সম্পত্তি শ্রী দীপঙ্কর সরকারের বরাবর দান করিয়াছেন। উক্ত "ক" তপশীল বর্ণিত সম্পত্তি শ্রী দীপঙ্কর সরকার অবিভক্ত ৪/৯ অংশ, শ্রীমতী পারুল ঘোষ অবিভক্ত ১/৩ অংশ, শ্রীমতী গীতা সরকার, অবিভক্ত ১/৯ অংশ এবং শ্রীমতী পারমিতা বসু অবিভক্ত ১/৯ অংশে যৌথভাবে ভোগদখল ও স্বত্ত্বদখল পরিচালনা করিতে থাকাকালীন গত ইংরাজী ২১ ।০৫ ।২০১৪ তারিখের সম্পাদিত ও রেজিষ্ট্রীকৃত ৩৭৮৩ নং বিক্রয় কোবালা দলিল মূলে শ্রীমতী গীতা সরকার ও শ্রীমতী পারমিতা বসু তাহাদের অবিভক্ত ২/৯ অংশ দ্বিতীয় পক্ষগণের বরাবর বিক্রয় করিয়া দিয়া তাহাতে নিঃস্বত্ত্ববতী হয়েন। উক্ত তারিখে অর্থাৎ ইংরাজী ২১ ।০৫ ।২০১৪ তারিখের সম্পাদিত ও রেজিষ্ট্রীকৃত ৩৭৮৪ নং দানপত্র দলিল মূলে দীপঙ্কর সরকার তাহার অবিভক্ত ৪/৯ অংশের মধ্যে ২/৯ অংশ প্রথম পক্ষ শ্রীমতী শ্রাবণী সরকার অর্থাৎ আমাকে দান করিয়া দেন। বর্তমানে আমি প্রথম পক্ষ নিম্ন "ক" তপশীল বর্ণিত সম্পত্তি যাহা অত্র সহ দাখিলী নক্সায় "লাল" রং দ্বারা রঞ্জিত হইয়া প্রদর্শিত হইয়াছে তাহার আমি মালিক হইতেছি।

Shrabani Sarkar Kalyani Mondal Uttam K. Pramanick Gautam Kumar Pramanick

Scanned with OKEN Scanner

নিম্ন "খ" তপশীল বর্ণিত সম্পত্তি আমরা দ্বিতীয় পক্ষগণ মালিক হইতেছি। উক্ত সম্পত্তি ও আরো অন্যান্য সম্পত্তি পূর্বে জনৈক চৌধুরী যামিনী মল্লিক মহাশয়ের স্বত্ত্বীয় দখলী সম্পত্তি ছিল। আরএস,আর,ও,আর, তাঁহার নামে রেকর্ড লিপিবদ্ধ হয় ও তাহা চূড়ান্তভাবে প্রচারিত হয়। উক্ত সম্পত্তিতে চৌধুরী যামিনী মল্লিক মহাশয় স্বত্ত্বদখল পরিচালনা করিতে থাকাকালীন খাজনাদি ও ট্যাক্স দিয়া আসিতে থাকাকালীন পরলোক গমন করেন। তাঁহার মৃত্যুর পর হিন্দু উত্তরাধিকারী আইন অনুযায়ী তাঁহার স্ত্রী শ্রীমতী বসন্ত কুমারী দাসী ও একমাত্র কন্যা শ্রীমতী গৌরীবালা কর তদ্‌ত্যক্ত সম্পত্তিতে ওয়ারীশ হিসাবে যৌথভাবে স্বত্ত্বদখল পরিচালনা করিতে থাকেন। হিন্দু বিবাহ আইন অনুযায়ী শ্রীমতী গৌরীবালা করের সহিত শ্রী সতীশ চন্দ্র কর মহাশয়ের বিবাহ হয়। বিবাহের পর শ্রীমতী গৌরীবালা কর তাঁহার মায়ের সহিত স্বামী সহ বসবাস করিতে থাকেন। পরবর্তীকালে শ্রীমতী গৌরীবালা কর তিন পুত্রের জন্ম দেন। তাহাদের নাম যথাক্রমে চন্দ্রশেখর কর, শশাঙ্ক শেখর কর এবং মৃগাঙ্ক শেখর কর। উক্ত শ্রীমতী বসন্ত কুমারী দাসী গত ইংরাজী ১৪।০৬।১৯৫৭ তারিখের সম্পাদিত ও রেজিষ্ট্রীকৃত ৩০৭৮ নং নিরূপণ পত্র মূলে তাঁহার সমূহ সম্পত্তি তাহার তিন নাতি যথাক্রমে চন্দ্রশেখর কর, শশাঙ্ক শেখর কর এবং মৃগাঙ্ক শেখর কর এর বরাবর হস্তান্তর করিয়া দেন। উক্ত ৩০৭৮ নং নিরূপণ পত্র দলিলের "গ" তপশীল সম্পত্তি শ্রীমতী গৌরীবালা কর মহাশয়ার ছোট পুত্র শ্রী মৃগাঙ্ক শেখর কর প্রাপ্ত হয়েন। তিনি আর,এস, ৯৭০ নং দাগে ০,১১০০ একর সম্পত্তি প্রাপ্ত হয়েন। পরবর্তীকালে

Kalyani Mondal Uttam Kr. Bemanik Goutam Kumar Pramanick

Shobon Sarkar

Scanned with OKEN Scanner

আর.এস. দাগ নং - ৯৭০, এল.আর. আর.ও.আর. -এ ৭৩২/১ নং খতিয়ানে ১৫৬৬ নং দাগে রূপান্তরিত হইয়া মৃগাঙ্ক শেখর করের নামিত এল.আর. পরচা প্রস্তুত হয় ও তাহা চূড়ান্তভাবে প্রচারিত হয়। শ্রীমতী গৌরীবালা কর উক্ত সম্পত্তিতে তাঁহার আট আনা অবিভক্ত অংশে তাঁহার তিন পুত্রের সহিত যৌথভাবে স্বত্বদখল ও ভোগদখল পরিচালনা করিতে থাকাকালীন তিন পুত্রকে ওয়ারীশ রাখিয়া পরলোক গমন করেন। গৌরীবালা করের মৃত্যুর পর তদ্‌ত্যক্ত সম্পত্তি তাঁহার তিন পুত্র যথাক্রমে, চন্দ্রশেখর কর, শশাঙ্ক শেখর কর ও মৃগাঙ্ক শেখর কর ১/৩ অবিভক্ত অংশে হিন্দু উত্তরাধিকারী আইন অনুযায়ী মালিক হয়েন। ইহা ছাড়াও গৌরীবালা কর মহাশয়ার উক্ত তিন পুত্র তাঁহার সমূহ সম্পত্তি গত ইংরাজী ১৩।১২।১৯৮২ তারিখের সম্পাদিত ও রেজিষ্ট্রীকৃত ২২ নং উইলপত্র মূলে মালিক হয়েন। উক্ত উইলের প্রোবেট গত ইংরাজী ১৮।০৫।২০০৭ তারিখে টাইটেল স্যুট নং - ২১/২০০৭ মোকর্দ্দমায় আদালত আদেশ দান করেন। পরবর্তীকালে উক্ত সম্পত্তির ওয়ারীশ গণের মধ্যে স্বত্ত্বদখল পরিচালনায় বাধাবিঘ্ন সৃষ্টি হওয়ায় নবেন্দু কর দীগর মাননীয় সিভিল জজ (নিম্ন বিভাগীয়), প্রথম আদালত, মেদিনীপুর আদালতে মৃগাঙ্ক শেখর কর দীগর-এর বিরুদ্ধে টাইটেল স্যুট নং - ২১/২০০৭নং পার্টিশান মোকর্দ্দমা দায়ের করেন। উক্ত মোকর্দ্দমা গত ইংরাজী ১৮।০৫।২০০৭ তারিখে সোলেনামা মূলে মাননীয় লোক আদালতে নিষ্পত্তির আদেশ হয়। উক্ত সোলেনামা মূলে মৃগাঙ্ক শেখর কর মহাশয় আর.এস. ৯৭১ নং দাগে ০.০২২৫ একর এবং আর.এস. ৯৬৯ নং দাগে ০.০০২২ একর সম্পত্তি প্রাপ্ত হয়েন।

Kalyani Mondal Uttam Kr. Pramanick Goutam Kumar Pramanik

Shraboni Sarkar

Scanned with OKEN Scanner

এক্ষণে ৩০৭৮ নং নিরূপণ পত্র দলিল মূলে এবং টাইটেল স্যুট ২১/২০০৭ নম্বর পার্টিশান মোকর্দ্দমার ডিক্রি মূলে মৃগাঙ্ক শেখর কর, আর.এস. ৯৭০ নং দাগে ০.১১০০ একর, আর.এস. ৯৭১ নং দাগে ০.০২২৫ একর এবং আর.এস. ৯৬৯ নং দাগে ০.০০২২ একর সম্পত্তির মালিক হইয়া দুই তলা পোক্তা বাটী নির্মাণ করিয়া স্বত্ত্বদখল পরিচালনা করিতে থাকেন এবং সরকারী খাজনা ও পৌরসভার ট্যাক্স আদি আদায় দিয়া অন্যের বিনাপত্যে পরম সুখে স্বত্ত্বদখল পরিচালনা করিতে থাকেন। পরবর্তীকালে আর.এস. দাগ নং – ৯৭০, ৯৭১ এবং ৯৬৯ ভূমি সংস্কার জরীপে যথাক্রমে এল.আর. ১৫৬৬, ১৫৬৭ এবং ১৫৬৫ নং দাগে রূপান্তরিত হয়। গত ইংরাজী ১৭।০৮।২০১০ তারিখের সম্পাদিত ও রেজিষ্ট্রীকৃত ৫৪২৯ এবং ৫৪২৮নং দুইটি বিক্রয় কোবালা দলিল মূলে উক্ত মৃগাঙ্ক শেখর কর তাহার সমূহ সম্পত্তি ১নং দ্বিতীয় পক্ষ অর্থাৎ শ্রীমতী কল্যাণী মন্ডল-এর বরাবর বিক্রয় করিয়া দিয়া তাহাতে নিঃস্বত্ত্ববান হয়েন। উক্ত সম্পত্তি ক্রয় করিয়া শ্রীমতী কল্যাণী মন্ডল মেদিনীপুর পৌরসভা অফিসে নাম পত্তন করেন এবং বি.এল.এন্ড এল.আর.ও. অফিসে নাম পত্তনের জন্য দরখাস্ত করেন। পূর্ব উল্লেখিত টাইটেল স্যুট নং – ২১/২০০৭ নম্বর পার্টিশান মোকর্দ্দমায় সোলেনামার "খ" তপশীল সম্পত্তি নবেন্দু শেখর কর, রাজশেখর কর এবং হিমাদ্রী শেখর কর, আর.এস. ৯৬৯ নং দাগে ০.০২৬৬ একর পরিমিত সম্পত্তি প্রাপ্ত হয়েন। উক্ত "খ" তপশীল বর্ণিত সম্পত্তি প্রাপ্ত হইয়া নবেন্দু শেখর কর, রাজশেখর কর এবং হিমাদ্রী শেখর কর উক্ত সম্পত্তিতে স্বত্ত্বদখল পরিচালনা করিতে থাকাকালী গত ইংরাজী ০৮।০২।২০১৩ তারিখের সম্পাদিত ও

Kalyani Mondal Uttam Kr. Hemanta Goutam Kumar Pramanik

Shrabani Sarkar

Scanned with OKEN Scanner

রেজিষ্ট্রীকৃত ৪১৫ নং বিক্রয় কোবালা দলিল মূলে ১নং দ্বিতীয় পক্ষ অর্থাৎ শ্রীমতী কল্যাণী মন্ডলকে বিক্রয় করিয়া দেন। উক্ত টাইটেল স্যুট নং – ২১/২০০৭ নাম্বার পার্টিশান মোকর্দ্দমার সোলেনামায় বর্ণিত "ক" তপশীল সম্পত্তি শ্রী উদয়ন কর মহাশয় প্রাপ্ত হন। আর.এস. ৯৬৯ নং (এল.আর. – ১৫৬৫ নং) দাগে ০.০২৬৬ একর পরিমিত সম্পত্তি প্রাপ্ত হইয়া উদয়ন কর মহাশয় তাহাতে স্বত্ত্বদখল পরিচালনা করিতে থাকাকালীন গত ইংরাজী ১০।১০।২০১৩ তারিখের সম্প্রাদিত ও রেজিষ্ট্রীকৃত ৭২৫০ নং বিনিময় পত্র দলিল মূলে ১নং দ্বিতীয় পক্ষ শ্রীমতী কল্যাণী মন্ডলকে হস্তান্তর করিয়া দেন। পূর্ব উল্লেখিত মতে শ্রীমতী গৌরীবালা কর উক্ত সম্পত্তিতে স্বত্ত্বদখল পরিচালনা করিতে থাকালীন মেদিনীপুর থানার অন্তর্গত নবীনাবাগ বড়বাজার মৌজার আর.এস. ১৪০ নং খতিয়ান, এল.আর. খতিয়ান নং – ২৮২, আর.এস. দাগ নং – ৯৬৮, এল.আর. দাগ নং – ১৫৬৪, পরিমাণ – ০.০০৬৯ একর বা ২৯৯ বর্গফুট সম্পত্তির বিষয়ে গত ইংরাজী ২০।০১।১৯৮২ তারিখের রেজিষ্ট্রীকৃত ২২ নং উইল পত্র মূলে উক্ত সম্পত্তি ও অন্যান্য সম্পত্তি মৃগাঙ্ক শেখর করের নামিত Legatee হিসাবে উইল করিয়া যান। পরবর্তীকালে শ্রীমতী গৌরীবালা করের মৃত্যুর পর উক্ত উইল প্রোবেট লইবার জন্য District Delegate, Paschim Medinipur আদালতে Probate Case No. 25/1984 নং মোকর্দ্দমা হইলে পর মৃগাঙ্ক শেখর কর মহাশয় উক্ত উইলের "খ" তপশীল সম্পত্তি উক্ত প্রোবেট মোকর্দ্দমা মঞ্জুর হইবার পর প্রাপ্ত হয়েন এবং মালিক হয়েন।

উল্লিখিত ২০।০১।১৯৮২ তারিখের ২২ নং রেজিষ্ট্রীকৃত উইল মূলে, উক্ত উইলের "খ" তপশীল বর্ণিত সম্পত্তি মৃগাঙ্ক শেখর কর মহাশয় প্রাপ্ত হইবার পর

Shrabani Sarkar Kalyani Mondal Uttam Kr. Pramanick Goutam Kumar Pramanick

Scanned with OKEN Scanner

উক্ত ০.০০৬৯ একর বা ২৯৯ বর্গফুট সম্পত্তি তিনি স্বত্ত্বদখল পরিচালনা করিতে থাকাকালীন গত ইংরাজী ০৭।০৭।২০১০ তারিখের রেজিষ্ট্রীকৃত ২৬০৪ নং বিক্রয় কোবালা দলিল মূলে শ্রী অমিত কুমার চক্রবর্ত্তী মহাশয়কে বিক্রয় করিয়া দেন। উক্ত সম্পত্তি বিক্রয় করিবার পূর্বে আর.এস. খতিয়ান নং – ১৪০. এল.আর. খতিয়ান নং – ২৮২. আর.এস. দাগ নং – ৯৬৮. এল.আর দাগ নং – ১৫৬৪ মধ্যে ০.০০৭২ একর বা ৩০০ বর্গফুট সম্পত্তি গত ইংরাজী ২৪।১১।২০০৮ তারিখের রেজিষ্ট্রীকৃত ৪৯৯৬ নং বিক্রয় কোবালা দলিল মূলে মৃগাঙ্ক শেখর কর মহাশয় জনৈক বিশ্বজিৎ রায় মহাশয়কে বিক্রয় করিয়া দেন। উল্লিখিত সম্পত্তি অমিত কুমার চক্রবর্ত্তী ও বিশ্বজিৎ রায় মহাশয়গণ স্বত্ত্বদখল পরিচালনা করিয়া আসিতে থাকাকালীন গত ইংরাজী ১২।০৯।২০১২ তারিখের রেজিষ্ট্রীকৃত ৩২২৮ নং বিক্রয় কোবালা দলিল মূলে তাঁহারা একত্রে ১নং দ্বিতীয় পক্ষ অর্থাৎ শ্রীমতী কল্যাণী মন্ডলকে উক্ত ৯৬৮ নং দাগে ০.০০৬৯ একর ও ০.০০৭২ একর সম্পত্তি বিক্রয় করিয়া দিয়া তাহাতে নিঃস্বত্ত্ববান হয়েন। চলতি ভূমি সংস্কার আইনের জরীপে নিম্নের "খ" তপশীল বর্ণিত সম্পত্তি শ্রীমতী গৌরীবালা করের নামিত রেকর্ড লিপিবদ্ধ হইয়াছিল। শ্রীমতী কল্যাণী মন্ডল উক্ত সম্পত্তি খরিদ করিবার পর বর্তমান এল.আর রেকর্ড তাহার নামিত ১৮২৭ নং খতিয়ান ভুক্ত হইয়া চূড়ান্তভাবে প্রচারিত হইয়াছে।

উল্লেখ থাকে যে, মেদিনীপুর পৌরসভা অফিসে উল্লিখিত সম্পত্তির মধ্যে নবেন্দু শেখর কর, রাজশেখর কর, রাজশেখর, হিমাদ্রী শেখর কর ও উদয়ন

Kalyani Mondal

Shuvam Sau... Witness ... Sukumar Kumar Roy

Scanned with OKEN Scanner

করের নামিত ৯৫/৮৭ নং হোল্ডিং ভুক্ত ছিল। অমিত কুমার চক্রবর্ত্তী ও বিশ্বজিৎ চক্রবর্ত্তীর নামিত যথাক্রমে ৯১/৮৩ এবং ৯১/এ/৮৩ নং হোল্ডিং ভুক্ত ছিল। ১নং দ্বিতীয় পক্ষ শ্রীমতী কল্যাণী মন্ডল উক্ত সমূহ সম্পত্তি খরিদ করিবার পর মেদিনীপুর পৌরসভা অফিসে তাহার নাম মিউটেশান হইবার পর উক্ত হোল্ডিংনং ৯৫/৮৭, ৯১/৮৩ এবং ৯১/এ/৮৩ নং হোল্ডিং Amalgamated হইয়া ৯২/৮৪ নং হোল্ডিং ভুক্ত হয় এবং মেদিনীপুর পৌরসভার বর্তমান ১০ নং ওয়ার্ডের Assessment Registered-এ হোল্ডিং নং – ৯২/৮৪ শ্রীমতী কল্যাণী মন্ডলের নামিত নথীভুক্ত হয়।

শ্রীমতী কল্যাণী মন্ডল উক্ত সম্পত্তি পশ্চিমবঙ্গ সরকারের অফিসে কতক সম্পত্তি তাহার নামিত মিউটেশন হইয়াছে এবং কতক সম্পত্তি মিউটেশনের জন্য আবেদন করিয়াছে। উক্ত সম্পত্তি দ্বিতীয় পক্ষগণ অংশীদারী কারবারনামা মূলে "SIMPARK CONSTRUCTION" নামিত বেসমেন্ট, পাঁচতলা ও প্রস্তাবিত ছয়তলা Residential Flats এবং Commercial Shops Construction করিবার জন্য গত ২৯।০৭।২০১১ তারিখে Plan Sanction করিবার জন্য আবেদন করিয়াছিল। যাহা ইংরাজী ৩০।০৮।২০১১ তারিখে অনুমোদন হইয়াছে এবং M.K.D.A. & A.D.M., Paschim Medinipur অফিসে Executive Officer গত ইংরাজী ১৮।০১।২০১২ তারিখের Memo No. 71/758 /MKDA/II মূলে উক্ত প্ল্যান অনুমোদন করিয়াছেন।

এক্ষণে আমি প্রথম পক্ষ আমার বসতবাটী খরিদ করিবার জন্য নগদ অর্থের বিশেষ প্রয়োজন হইলে নিম্নের "ক" তপশীল বর্ণিত সম্পত্তি বিক্রয় করিব বলিয়া

Uttam Kr. Pramanick

Goutam Kumar Pramanick

Kalyani Mondal

Shrabani Sarkar

W

Scanned with OKEN Scanner

সিদ্ধান্ত লইয়াছিলাম। বিশেষ সূত্রে জানিতে পারি যে, আপনারা দ্বিতীয় পক্ষগণ নিম্ন "খ" তপশীল বর্ণিত সম্পত্তির মধ্যে অবস্থিত পাঁচতলায় রেডি ফ্ল্যাট বিক্রয় করিবার জন্য ইচ্ছুক ক্রেতা খোঁজ করিতেছেন। আমরা পক্ষগণ উভয়ে উভয়ের "ক" ও "খ" তপশীল সম্পত্তি পছন্দ হওয়ায় আমরা আলাপ আলোচনা করিয়া সহমত পোষণ করিয়া অত্র বিনিময় দলিল মূলে লিখিয়া দিতেছি আমি প্রথম পক্ষ শ্রীমতী শ্রাবণী সরকার আমার নিম্নের "ক" তপশীল বর্ণিত সম্পত্তি দ্বিতীয় পক্ষগণের "খ" তপশীল বর্ণিত সম্পত্তির উপর অবস্থিত পাঁচতলায় ৪নং রেডি ফ্ল্যাট বিনিময় করিয়া লইলাম। আপনারা দ্বিতীয় পক্ষগণ "খ" তপশীল বর্ণিত সম্পত্তির বিনিময়ে প্রথম পক্ষের "ক" তপশীল বর্ণিত সম্পত্তি বিনিময় মূলে প্রাপ্ত হইলেন।

আমরা দ্বিতীয় পক্ষগণ অদ্য নিম্ন "ক" তপশীল বর্ণিত সম্পত্তি পাওয়ার বিনিময়ে নিম্নের "খ" তপশীল বর্ণিত সম্পত্তির উপর অবস্থিত পাঁচতলায় ৪নং রেডি ফ্ল্যাট যাহা অত্রসহ দাখিলী নক্সায় "লাল" রং দ্বারা রঞ্জিত হইয়া প্রদর্শিত হইয়াছে তাহা প্রথম পক্ষের অনুকূলে স্বত্ব, দখল, অধিকার ও ইজমেন্ট স্বত্ত্বাদি ছাড়িয়া দিয়া একরার ও অঙ্গীকার করিতেছি যে, উক্ত সম্পত্তিতে আমাদের যাহা কিছু স্বত্ব, দখল ও অধিকার যাহা কিছু ছিল তাহা অদ্য হইতে চিরতরে কর্তন হইয়া আপনাকে ষোল আনা মতে নিব্যূঢ় স্বত্ত্বে বর্তাইল। আপনি উক্ত সম্পত্তিতে সমস্ত প্রকার দান, বিক্রয়, বন্ধক ও যাবতীয় হস্তান্তরের ক্ষমতা প্রযুক্তে ষোল আনা মতে মালিক হইলেন। আমরা উক্ত সম্পত্তি হইতে সম্পূর্ণরূপে নিঃস্বত্ত্ববতী ও নিঃস্বত্ত্ববান হইলাম। উক্ত 'খ' তপশীল বর্ণিত ৪নং Flat-এ আপনি অন্যান্য Flat

Uttam Kr. Pramanick Goutam Kumar Pramanick

Kalyani Mondal

Shraboni Sarkar

Scanned with OKEN Scanner

owner দের মত মালিক হইলেন। Flat-এর কোন ক্ষতিসাধন না করিয়া Flat-এর মেরামত আদি রং ইত্যাদি করিতে পারিবেন। অন্যান্য Flat owner গণের ন্যায় Common passage, সিঁড়ি, লিফট, ইত্যাদি ব্যবহার করিতে পারিবেন। Flat owners Association-এর সদস্য হইয়া Association-এর সমস্ত নিয়ম কানুন মানিতে বাধ্য থাকিলেন ও অন্যান্য Flat owner দের ন্যায় সমূহ সুযোগ সুবিধা ভোগ করিতে পারিবেন।

আরো উল্লেখ থাকে যে, উক্ত ফ্ল্যাটের লাগাও দক্ষিণে জনৈক দিলীপ কুন্ডু দীগর গণের বসতবাটী রহিয়াছে। উক্ত দিলীপ কুন্ডু দীগর গণের সহিত গত ইংরাজী ২৩।০৭।২০১২ তারিখের ৮২নং রেজিষ্ট্রীকৃত ১নং দ্বিতীয় পক্ষ শ্রীমতী কল্যাণী মন্ডলের সহিত একখণ্ড চুক্তিপত্র সম্পাদিত হয়। উক্ত চুক্তিপত্র অনুযায়ী শ্রী দিলীপ কুন্ডু দীগর মহাশয়গণ তাহাদের বসতবাটী মেরামতের প্রয়োজনে উক্ত ফ্ল্যাটের ফাঁকা জায়গায় আসিয়া বা ভাঁরা বাঁধিয়া তাহাদের বসতবাটী সারাই, মেরামত ও রং আদি করিতে পারিবেন বলিয়া; চুক্তিতে আবদ্ধ রহিয়াছেন। উল্লিখিত চুক্তিপত্র মোতাবেক উক্ত দিলীপ কুন্ডু দীগর মহাশয়গণ তাহাদের বসতবাটী মেরামত করিতে আসিলে আপনি বা আপনার ওয়ারীশগণ কোনপ্রকার বাধাবিঘ্ন সৃষ্টি করিতে পারিবেন না। উক্ত সম্পত্তি সম্পূর্ণ নির্দ্দায় ও নির্দোষ অবস্থায় রহিয়াছে বা দায়মুক্ত অবস্থায় রহিয়াছে।

আমি প্রথম পক্ষ অদ্য নিম্নের "খ" তপশীলে বর্ণিত সম্পত্তির মধ্যে অবস্থিত পাঁচ তলায় "৪" নং একখানি রেডি ফ্ল্যাটের স্বত্ত্বদখল পাইবার বিনিময়ে নিম্নের "ক" তপশীল বর্ণিত সম্পত্তি যাহা অত্রসহ দাখিলী নক্সায় "লাল" রং দ্বারা রঞ্জিত

Subhas Sarkar Kalyani Mondal Uttam Kr. Pramanick Goutam Kumar Pramanick

Scanned with OKEN Scanner

হইয়া প্রদর্শিত হইয়াছে তাহা আপনাদের অর্থাৎ দ্বিতীয় পক্ষগণের অনুকূলে স্বত্বদখল, অধিকার ও যাবতীয় ইজমেন্ট স্বত্বাদি ছাড়িয়া দিয়া একরার ও অঙ্গীকার করিতেছি যে, উক্ত সম্পত্তিতে আমার যাহা কিছু স্বত্ব, স্বামীত্ব, মায় কুল হক, হকুক যাহা কিছু ছিল তাহা অদ্য হইতে চিরতরে কর্তন হইয়া আপনাদিগকে ষোল আনা মতে নিব্যূঢ় স্বত্বে বর্তাইল। আপনারা উক্ত সম্পত্তিতে সমস্ত প্রকার দান, বিক্রয়, বন্ধক ও যাবতীয় হস্তান্তরের ক্ষমতা প্রযুক্তে ষোল আনা মতে মালিক হইলেন। আমি উক্ত সম্পত্তি হইতে সম্পূর্ণরূপে নিঃস্বত্ববান হইলাম। উক্ত সম্পত্তি সম্পূর্ণ নির্দ্দায় ও নির্দোষ বা দায়মুক্ত অবস্থায় রহিয়াছে। উক্ত সম্পত্তিতে অদ্য হইতে আমার স্বত্বে স্বত্ববান ও স্বত্ববতী হইয়া আপনারা যদ্রেচ্ছা মতে ঘর বাড়ী নির্মাণ করিয়া পরম সুখে ভোগদখল করিতে থাকুন ও থাকিবেন। তাহাতে আমার বা আমার ওয়ারীশানগণের কোনপ্রকার ওজর আপত্তি রহিল না বা থাকিবে না। যদি করি বা কেহ করে তাহা সর্বত্র নাকচ বা নামঞ্জুর বলিয়া গণ্য হইবে।

অত্র বিনিময় পত্র দলিল মূলে পক্ষগণ মেদিনীপুর পৌরসভা অফিসে ও পশ্চিমবঙ্গ সরকারের অফিসে নিজ নিজ নাম পত্তন পূর্বক সন সন ধার্য্য ট্যাক্স ও খাজনাদি আদায় দিতে পারিবেন। তাহাতে পক্ষগণ কেহ কাহারও বিরুদ্ধে কোনপ্রকার আপত্তি করিতে পারিবে না।

অত্র বিনিময় পত্র দলিল পোষকার্থে বিনিময়কৃত সম্পত্তির স্বত্বের জেরক্স কপি হাওলা করা হইল।

এতদর্থে সুস্থ শরীরে, সরল মনে, অন্যের বিনা প্ররোচনায় অত্র বিনিময় পত্র দলিল পাঠ করিয়া তাহার মর্ম্ম ফলাফল সম্পর্কে সম্পূর্ণ রূপে অবগত হইয়া

Shuban Sarkar
Kalyani Mondal
Uttam Kr. Pramanick
Kumar Pramanick

Scanned with OKEN Scanner

ও তাহা আমাদের পক্ষগণের কথামতো টাইপ হইয়াছে দেখিয়া সাক্ষীগণ সাক্ষাতে অত্র বিনিময় পত্র দলিল যথারীতি সম্পাদন করিয়া দিলাম। ইতি –

বাংলা সন – ১৪২১ সাল, তারিখ – ২৪শে আষাঢ়।

ইংরাজী সন – ২০১৪ সাল, তারিখ – ৯ই জুলাই।

## "ক" তপশীল বর্ণিত সম্পত্তির বিবরণ

জেলা – পশ্চিম মেদিনীপুর, থানা – মেদিনীপুর, মেদিনীপুর পৌরসভার অন্তর্গত ওয়ার্ড নং – ১৪ (নতুন), ১৩ (পুরাতন), হোল্ডিং নং – ৮৮/৪০৫, মৌজা – বিবিগঞ্জ, জে.এল.নং – ১৮০, রিভিসন্যাল জরীপের খতিয়ান নং – ১০৪৮, এল.আর. জরীপের খতিয়ান নং – ১২৪৯, ১৪৩৬, ১৩৪১, ৮৩০ ও ২৩২৭, রিভিসন্যাল জরীপের দাগ নং – ৪৯৫ (চার শত পঁচানব্বই), এল.আর. জরীপের দাগ নং – ৬২৭ (ছয় শত সাতাশ), পরিমাণ – ০.১১৫০ (শূন্য দশিক এক এক পাঁচ শূন্য) একর মধ্যে ২/৯ অবিভক্ত অংশে ০.০২৫৫ (শূন্য দশমিক শূন্য দুই পাঁচ পাঁচ) একর, রিভিসন্যাল জরীপের দাগ নং – ৪৯৬ (চার শত ছিয়ানব্বই), এল.আর. দাগ নং – ৬২৯ (ছয় শত উনত্রিশ), পরিমাণ – ০.০৮০০ (শূন্য দশমিক শূন্য আট শূন্য শূন্য) একর মধ্যে ২/৯ অবিভক্ত অংশে ০.০১৭৮ (শূন্য দশমিক শূন্য এক সাত আট) একর।

মোট দুইটি দাগে ০.০৪৩৩ (শূন্য দশমিক শূন্য চার তিন তিন) একর বা ১৮৮৭.৪২ (এক হাজার আট শত সাতাশি দশমিক চার দুই) বর্গফুট ভূমি মায় তদুপরিস্থিত পুরাতন বাড়ীর অংশ ৫৫৫.৭২ (পাঁচ শত পঞ্চান্ন) বর্গফুট পরিমিত পোক্তা গৃহাদি।

Shabani Sarkar Kalyani Mondal Uttam Kr Ramanik Goutam Kumar Pramanik

Scanned with OKEN Scanner

জমির মূল্য ঃ- ১২,১২,৪০০.০০

বাড়ীর মূল্য ঃ- ২,৮৭,৬০০.০০

মোট মূল্য ঃ- ১৫,০০,০০০.০০ (পনের লক্ষ) টাকা।

যাহা অত্রসহ দাখিলী হাত নক্সায় "লাল" রং দ্বারা রঞ্জিত হইয়া প্রদর্শিত হইয়াছে।

— ইহা দ্বিতীয় পক্ষগণ প্রাপ্ত হইলেন।

# "খ" তপশীল বর্ণিত সম্পত্তির বিবরণ

জেলা – পশ্চিম মেদিনীপুর, থানা – মেদিনীপুর, মেদিনীপুর পৌরসভার অন্তর্গত ওয়ার্ড নং – ১০ (নতুন), ৯ (পুরাতন), হোল্ডিং নং – ৯২/৮৪ (শিববাজার), মৌজা – নবীনাবাগ বড়বাজার, জে.এল. নং– ১৮৫, রিভিসন্যাল জরীপের খতিয়ান ং – ১৪০, এল.আর. খতিয়ান নং – ১৮২৭, রিভিসন্যাল জরীপের দাগ নং – ৯৭০ (নয় শত সত্তর), এল.আর. দাগ নং – ১৫৬৬ (এক হাজার পাঁচ শত ছেষট্টি), পরিমাণ – নিরূপণ পত্র দলিল মূলে ০.১১০০ (শূন্য দশমিক এক এক শূন্য শূন্য) একর, এল.আর. রেকর্ড মূলে ০.১০৩০ (শূন্য দশমিক এক শূন্য তিন শূন্য) একর, রিভিসন্যাল জরীপের দাগ নং – ৯৬৯ (নয় শত উনসত্তর), এল.আর. দাগ নং – ১৫৬৫ (এক হাজার পাঁচ শত পঁয়ষট্টি), পরিমাণ – ০.০০২২ (শূন্য দশমিক শূন্য শূন্য দুই দুই) একর, রিভিসন্যাল জরীপের খতিয়ান নং –১৪০, এল.আর. খতিয়ান নং – ২৮২, রিভিসন্যাল জরীপের দাগ নং – ৯৬৯ (নয় শত উনসত্তর), এল.আর. দাগ নং – ১৫৬৫ (এক হাজার পাঁচ শত পঁয়ষট্টি), পরিমাণ

Goutam Kumar Pramanik

Uttam Kr. Pramanik

Kalyani Mondal

Shraboni Sarkar

W

Scanned with OKEN Scanner

– ০.০২৬৬ (শূন্য দশমিক শূন্য দুই ছয় ছয়) একর ও ০.০২৬৬ (শূন্য দশমিক শূন্য দুই ছয় ছয়) একর মোট ০.০৫৩২ (শূন্য দশমিক শূন্য পাঁচ তিন দুই) একর, রিভিসনাল জরীপের দাগ নং – ৯৬৮ (নয় শত আটষট্টি), এল.আর. দাগ নং – ১৫৬৪ (এক হাজার পাঁচ শত চৌষট্টি), পরিমাণ – ০.০০৬৯ (শূন্য দশমিক শূন্য শূন্য ছয় নয়) একর ও ০.০০৭২ (শূন্য দশমিক শূন্য শূন্য সাত দুই) একর মোট ০.০১৪১ (শূন্য দশমিক শূন্য এক চার এক) একর, মোট পরিমাণ – ০.১৯৫০ (শূন্য দশমিক এক নয় পাঁচ শূন্য) একর বা ৮৪৯৪.২০ বর্গফুট।

—ইহার উপর অবস্থিত বেসমেন্ট পাঁচ তলা বিশিষ্ট এবং প্রস্তাবিত ছয় তলা বিশিষ্ট পোক্তা রেসিডেন্সিয়াল ফ্ল্যাট ও মার্কেট কমপ্লেক্স "পারিজাত এ্যাপার্টমেন্ট" নামিত বিল্ডিং যাহা "সিমপার্ক কনস্ট্রাকশান" দ্বারা নির্মিত এ্যাপার্টমেন্ট।

— ইহার মধ্যে অবস্থিত পাঁচতলায় একখানি রেডি রেসিডেন্সিয়াল ফ্ল্যাট, ফ্ল্যাট নং –৪, ইহার সুপার বিল্ট এরিয়া – ৭৮০.০৫ (সাত শত আশি) বর্গফুট।

কভার এরিয়া – ৬৫০ (ছয় শত পঞ্চাশ) বর্গফুট।

সুপার বিল্ট এরিয়া – ৭৮০.০০ বর্গফুট। কভার এরিয়া – ৬৫০.০০ বর্গফুট।

আনুপাতিক জমির পরিমাণ ৭৮০ X ৮৪৯৪২ / ৩৪০০০ = ১৯৪.৮৬ বর্গফুট বা ০.০০৪৫ একর।

ইহার মূল্য ঃ- ১৭,৭৯,৩৭৫.০০ (সতের লক্ষ উনআশি হাজার তিন শত পঁচাত্তর) টাকা।

Scanned with OKEN Scanner

— যাহা অত্র সহ দাখিলী নক্সায় "লাল" রং দ্বারা রঞ্জিত হইয়া প্রদর্শিত হইয়াছে

— ইহা প্রথম পক্ষ প্রাপ্ত হইলেন। শ্রী [illegible]

অত্র দলিল পাঠ করিয়া বিক্রেতাগণকে শুনাইলাম।

শ্রী [illegible]

মুসাবিদাকারক :-

Haripada Manna
Advocate
WBF 935/81
Judges Court, Midnapore

ইসাদ Uttam Majhi
S/o - Sri Nimai Majhi
at - Jansole
P.O. Gurguripal
P.S: Midnapur
Dist = Paschim Midnapur

ইসাদ [illegible]

ইসাদ [illegible]

টাইপকারক

[illegible]

Kote Bazar, Midnapore.

কৈঃ অত্র বিক্রয় কোবালা দলিল স্ট্যাম্প সহ ২০ ফর্দ্দে টাইপ হইয়াছে ও তিন জনা সাক্ষী রহিয়াছে। প্রথম পক্ষ ও দ্বিতীয় পক্ষগণের দুই হস্তের দশ আঙ্গুলের টিপ ছাপের জন্য ২ টি অতিরিক্ত ডেমী ব্যবহৃত হইয়াছে যাহা ২১ ও ২২ ফর্দ্দ হিসাবে অত্র দলিলের শেষে একাংশ গণ্য সংযুক্ত হইল।

Kalyani Mondal.

Shraboni Sarkar

Uttam Kr. Pramanick

Gautam Kumar Pramanick

Gautam Kumar Pramanik


Uttam Kr. Pramanick

Kalyani Mondal

Shraboni Sarkar

Scanned with OKEN Scanner


DIST-PASCHIM MEDINIPORE,P.S.-KOTWALI (MIDNAPORE) MOUZA-NOBIRA JAG BARABAZAR,J.L.NO-185
R.S PLOT NOS-968,969,970,971,L.R.PLOT NOS-1564,1565,1566,1567,R.S.KHOTIAN-140,L.R.
KHOTIAN NO-282,1827,HOLDING NO-92/8 OF SHIV BAZAR,WARD NO10(NEW0 OR 9(OLD),MIDPORE MUNICIPAL





VENDOR :- Smt. Sharabani Sarkar
W/o - Sri Dipankar Sarkar
at- Chirimarsai

FLAT NOS- 4 (FOUR) 4TH, 4/5 FLOOR
EXCHANG
FLAT COVERED AREA- 650.00 SQFT
SUPER BUILT AREA- 780.00 SQFT

SHOWN THUS
EXCHANG
FLAT AREA-
COMMON AREA-
CARPARKING SPACE (BASEMENT)




Shrabani Sarkar
Kalyani Mondal


Uttam Kr. Ramanick
Gautam Kumar Pramanick

MOUZA - BIBIGANJ J.L. NO - 180, P.S.- KOTWALI (MIDNAPORE)

DIST.- PASCHIM MEDINIPUR

NAME OF 2nd Party :- 1) Smt Kalyani Mandal
W/o - Sri Ashok Kr. Mandal
2) Sri Uttam Kr. Pramanik
3) Sri Goutam Kr Pramanik
S/o - Late Gurudayal Pramanik
at - Nittyanandapur. P.O - Keshdal
P.S - Chandrakona Town

EXCHAND AREA SHOWN →





SCHEDULE OF LAND & BUILDING

| PLOT NOS | TOTAL AREA | | EXCHANG LAND AREA | | BUILDING AREA | |
|---|---|---|---|---|---|---|
| | SQFT | ACRE | SFT | ACRE | FULL AREA IN SQFT | EXCHANGE SELF AREA IN SQFT |
| R.S.- 496 L.R.- 629 | 3484.80 | 0.0800 | 774.22 | 0.0178 | 1929.50 | 555.72 |
| R.S.- 495 L.R.- 625 | 5009.40 | 0.1150 | 1113.20 | 0.0255 | | |
| TOTAL | 8494.20 | 0.1950 | 1887.42 | 0.0433 | | |

Scanned with OKEN Scanner

ক্রেতা / বিক্রেতা / দাতা / গ্রহীতা

বৃদ্ধাঙ্গুলী তর্জনী মধ্যমা অনামিকা কনিষ্ঠা



Uttam Kr. Pramanick

ইহা আমার দুই হাতের দশ আঙ্গুলের টিপ ছাপ হইতেছে।

ক্রেতা / বিক্রেতা / দাতা / গ্রহীতা

বৃদ্ধাঙ্গুলী তর্জনী মধ্যমা অনামিকা কনিষ্ঠা



Goutam Pramanick

ইহা আমার দুই হাতের দশ আঙ্গুলের টিপ ছাপ হইতেছে।

ক্রেতা / বিক্রেতা / দাতা / গ্রহীতা

বৃদ্ধাঙ্গুলী তর্জনী মধ্যমা অনামিকা কনিষ্ঠা



Shraboni Sarkar

ইহা আমার দুই হাতের দশ আঙ্গুলের টিপ ছাপ হইতেছে।

ক্রেতা / বিক্রেতা / দাতা / গ্রহীতা

বৃদ্ধাঙ্গুলী তর্জনী মধ্যমা অনামিকা কনিষ্ঠা



Kalyani Mondal

ইহা আমার দুই হাতের দশ আঙ্গুলের টিপ ছাপ হইতেছে।






Scanned with OKEN Scanner

Government of West Bengal
Department of Finance (Revenue) ,Directorate of Registration and Stamp Revenue
Office of the D.S.R. - I PASCIM MIDNAPORE, District- Paschim Midnapore
Signature / LTI Sheet of Serial No. 05556 / 2014, Deed No. (Book - I , 05593/2014)

I . Signature of the Presentant

| Name of the Presentant | Photo | Finger Print | Signature with date |
|---|---|---|---|
| Shraboni Sarkar Chowdhury Pukur Lane, Chinmarsai, Midnapore, Thana:-Midnapore, P.O. :-Midnapur, District:-Paschim Midnapore, WEST BENGAL, India. |  11/07/2014 |  LTI 11/07/2014 | Shraboni Sarkar 11.07.14 |

II . Signature of the person(s) admitting the Execution at Office.

| Sl No. | Admission of Execution By | Status | Photo | Finger Print | Signature |
|---|---|---|---|---|---|
| 1 | Shraboni Sarkar Address -Chowdhury Pukur Lane, Chinmarsai, Midnapore, Thana:-Midnapore, P.O. :-Midnapur, District:-Paschim Midnapore, WEST BENGAL, India, | Self |  11/07/2014 |  LTI 11/07/2014 | Shraboni Sarkar |
| 2 | Kalyani Mondal Address -Khapreil Bazar, Midnapore, Thana:-Midnapore, P.O. :-Midnapur, District:-Paschim Midnapore, WEST BENGAL, India, | Self |  11/07/2014 |  LTI 11/07/2014 | Kalyani Mondal |
| 3 | Uttam Kumar Pramanik Address -Village:Nityanandapur, Thana:-Chandrakona, P.O. :-Keshedal, District:-Paschim Midnapore, WEST BENGAL, India, | Self |  11/07/2014 |  LTI 11/07/2014 | Uttam Kr Pramanik |
| 4 | Goutam Kumar Pramanik Address -Village:Nityanandapur, Thana:-Chandrakona, P.O. :-Keshedal, District:-Paschim Midnapore, WEST BENGAL, India, | Self |  11/07/2014 |  LTI 11/07/2014 | Goutam Kumar Pramanik |

**Name of Identifier of above Person(s)**
Uttam Majhi
Village:Jamsole, Thana:-Midnapore, P.O. :-Gurgunpal,
District:-Paschim Midnapore, WEST BENGAL, India,

**Signature of Identifier with Date**
Uttam Majhi
11.07.14

(Ananda Mohan Sikdar)
DISTRICT SUB-REGISTRAR - I OF PASCHIM MEDINIPUR
Office of the D.S.R. - I PASCIM MIDNAPORE

 11/07/2014

Scanned with OKEN Scanner

I 5593 / 2014

Certificate of Registration under section 60 and Rule 69.

Registered in Book - I
CD Volume number 16
Page from 3252 to 3279
being No 05593 for the year 2014.

(Ananda Mohan Sikdar) 14-July-2014
DISTRICT SUB-REGISTRAR - I OF PASCHIM MEDINIPUR
Office of the D.S.R. - I PASCIM MIDNAPORE
West Bengal

Scanned with OKEN Scanner